



Bangladeshi Americans for Political Action

Platform to promote Bangladeshi American political participation and representation at local, state & national level

বিশেষ প্রেস বিজ্ঞপ্তি

'বাপা' আয়োজিত বিশেষ ভার্চুয়াল সভা

বাংলাদেশী-আমেরিকান মূলধারার রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে মুক্ত আলোচনা

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা) যুক্তরাষ্ট্রের একটি নবগঠিত প্ল্যাটফর্ম, যার মূল উদ্দেশ্য হলো সারা আমেরিকাব্যাপী বাংলাদেশী-আমেরিকান জনগোষ্ঠীর সামাজিক এবং রাজনৈতিক সচেতনতা গড়ে তোলা, সক্রিয়ভাবে যুক্তরাষ্ট্রের স্থানীয়, রাষ্ট্রীয় এবং জাতীয় পর্যায়ের মূলধারার রাজনৈতিক অঙ্গনে অংশগ্রহণ ও ভূমিকা রাখার জন্য তরুণ প্রজন্ম সহ সকল নেতৃবৃন্দকে অনুপ্রাণিত করা এবং মূলধারার রাজনৈতিক অঙ্গনে তাদের অংশগ্রহণ এবং নিজেদের প্রতিষ্ঠা করার লক্ষ্যে যথাসাধ্য সার্বিক সহযোগিতা প্রদান করা। আলোচনা সভায় যেসব বাংলাদেশী-আমেরিকান নেতৃবৃন্দ অংশগ্রহণ করবেন, তারা হলেন: জর্জিয়া থেকে স্টেট সিনেটর, শেখ রহমান, মিশিগান ডিস্ট্রিক্ট-৪ থেকে এবারের নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থী, ড: মো: রাবিব আলম, নিউইয়র্ক ডিস্ট্রিক্ট-৩৭ থেকে সাবেক অংশগ্রহণকারী প্রার্থী মেরি জোবাইদা, নিউইয়র্ক ডিস্ট্রিক্ট-৩৪ থেকে সাবেক অংশগ্রহণকারী প্রার্থী জয় চৌধুরী এবং নিউইয়র্ক ডিস্ট্রিক্ট-২৪ থেকে সাবেক অংশগ্রহণকারী প্রার্থী মৌমিতা আহমেদ।

আমাদের এই প্রয়াসের অন্যতম বিশেষ পদক্ষেপ হিসেবে আমরা এবার আয়োজন করেছি আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনৈতিক অঙ্গনে আমাদের বাংলাদেশী-আমেরিকান রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে আসন্ন নির্বাচন, মূলধারার রাজনৈতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ, বাংলাদেশী সমাজের ভোট প্রদানের গুরুত্ব, বাংলাদেশী-আমেরিকানদের মূলধারার রাজনৈতিক প্রতিযোগিতায় বা প্রার্থীতায় সাহায্য করার জন্য বাপা'র ভূমিকা এবং আরো বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর একটি ভার্চুয়াল ওয়েবিনার বা মুক্ত আলোচনা সভা। আগামী ১৯শে সেপ্টেম্বর, ২০২০, শনিবার সন্ধ্যা ৬.০০ ঘটিকায় (ইস্টার্ন টাইম) মূলধারার নেতৃবৃন্দের নিয়ে এই গুরুত্বপূর্ণ আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় আপনাদের জন্য মূলধারার এইসব নেতৃবৃন্দের সাথে বিভিন্ন বিষয় নিয়ে সরাসরি প্রশ্নোত্তর পর্ব বা আলোচনা করার সুযোগ রয়েছে। আপনাদের অংশগ্রহণ এবং সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই আপনাদের বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি এই ওয়েবিনার বা আলোচনা সভায় যোগদান করার জন্য। সভায় যোগদান করার জন্য **ফ্রি রেজিস্ট্রেশন লিংকটি নিম্নে প্রদান করা হলো**, আপনারা সবাই রেজিস্ট্রেশন করে এই গুরুত্বপূর্ণ ভার্চুয়াল সভায় (জুম মিটিং) যোগদান করে তাদের উৎসাহিত করুন, আপনাদের সবার অংশগ্রহণ ও সহযোগিতার প্রতীক্ষায় রইলাম।

FREE Registration Link:

Please register for FREE to interact with the Candidates and ask them questions at:

<https://us02web.zoom.us/meeting/register/tZYqcOGvqDsuGNHO2BwXxNCb1FJLdb0Jhrm>



Bangladeshi Americans for Political Action

Platform to promote Bangladeshi American political participation and representation at local, state & national level

বিনীত নিবেদন,

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

ইমেইল: info@BAPANow.com

ওয়েবসাইট: <https://bapanow.com>, <https://www.facebook.com/BAPANow>

ধন্যবাদান্তে,

এন্সনী পিউস গোমেজ

প্রতিনিধি, কেন্দ্রীয় কমিটি,

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা)